ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৯৬ ● কলকাতা ● ২৫ চৈত্র, ১৪৩০ ● সোমবার ● ০৮ এপ্রিল, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা



'ঘুমাতে গিয়ে অনেক রাতে কেঁদেছি'

পৃঃ ৫



স্টার্কের ব্যর্থতা নিয়ে মুখ খুলল কলকাতা

পৃঃ ৬

আমার কারও বিরুদ্ধে

## অভিযোগ নেই: শেখ শাহজাহান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রবিবার সংবাদমাধ্যমের তরফে শাহজাহান শেখকে প্রশ্ন করা হয়েছিল, 'বিজেপির কে বা কারা আপনাকে ফাঁসাচ্ছে? আপনার কার বিরুদ্ধে অভিযোগ?' উত্তরে ইডি এবং সিবিআইয়ের হাতে ধৃত সন্দেশখালির সাসপেন্ড হওয়া এই তৃণমূল নেতা খানিক নিচু স্বরেই বলেন, 'আমার কারও বিরুদ্ধে অভিযোগ নেই।'

রেশন দুর্নীতি মামলায় প্রথম শাহজাহানের নাম জড়িয়েছিল। তাঁর বাড়িতে তল্লাশি চালাতে গিয়েছিল ইডি। কিন্তু কেন্দ্রীয় আধিকারিকদের মার খেয়ে ফিরতে হয়েছিল শাহজাহানের ডেরা থেকে। তার পর থেকে তিনি নিজেও উধাও হয়ে গিয়েছিলেন। প্রায় দু'মাস পর শাহজাহানকে গ্রেফতার করে রাজ্য পুলিশ। তার পর আদালতের নির্দেশে তাঁকে তুলে দেওয়া হয় সিবিআইয়ের হাতে। সিবিআই হেফাজতে থাকাকালীন ইডিও শাহজাহানকে গ্রেফতার করে নিজেদের হেফাজতে নিয়েছে।

এরপর ৩ পাতায়

পারিবারিক জমি নিয়ে বিবাদের জেরে

## খুন হতে হল এক সিভিক ভলেন্টিয়ারকে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পারিবারিক জমি নিয়ে বিবাদের জেরে খুন হতে হল এক সিভিক ভলেন্টিয়ারকে। লাঠি এবং শাবল দিয়ে পিটিয়ে মারার অভিযোগ। অভিযুক্ত মৃতের কাকা এবং কাকার দুই ছেলে।মালদার সামসীর এই ঘটনায় ব্যাপক উত্তেজনা এলাকায়। মৃতের নাম রুহুল আমিন(৩৩)। পরিবার সূত্রে জানা গেছে, সামসি গ্রামীণ হাসপাতালের পেছনে রুহুল আমিনদের পারিবারিক একটি জমি রয়েছে।

সোদপুর ট্রাফিক মোড়ে প্রচার শেষে ফেরার পথে সাংসদ সৌগত রায়ের গাড়ির পিছন থেকে সজোরে ধাক্কা মারে। ঘটনাস্থলে যায় খড়দহ থানার পুলিশ। ইতিমধ্যে ঘাতক গাড়িটির চালক সহ গাড়িটিকে আটক করেছে খড়দহ থানার পুলিশ। গাড়ির পিছন অংশে ক্ষতি হলেও সুস্থ আছেন সাংসদ। তার গায়ের কোথাও কোনো আঘাত তেমন ভাবে লাগেনি। কোনো ক্রমে প্রাণে বাঁচলেন প্রার্থী সৌগত রায়।সেই জমি নিয়ে রুহুল আমিনের কাকু আব্দুল রহমানের সঙ্গে তাদের বিবাদ চলছিল।

ওই জমিতে আব্দুল রহমানরা বাড়ির কাজ শুরু করতে যায় রবিবার। জায়গার মাপ যোগ নিয়ে সমস্যা হয়। রুহুল আমিনরা প্রতিবাদ করে। সেখান থেকেই বিবাদের সূত্রপাত। রুহুল আমিনকে পিটিয়ে মারার অভিযোগ উঠেছে তার কাকা এবং তার

এরপর ৩ পাতায়

## কেন্দ্রের সঙ্গে চরমে উঠেছে রাজ্যের সংঘাত





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভূপতিনগর ইস্যুতে এমনিতেই তপ্ত বঙ্গ রাজ্য-রাজনীতি। কেন্দ্রের সঙ্গে চরমে উঠেছে রাজ্যের সংঘাত। ভূপতিনগরে গিয়ে 'হামলা'র মুখে এনআইএ, আবার এনআইএ-এর বিরুদ্ধেই পাল্টা শ্লীলতাহানির অভিযোগ। কেন্দ্রীয় এজেন্সির বিরুদ্ধে শনিবারই তোপ দেগেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রবিবারও পুরুলিয়ার সভা থেকে সেই ধারা অব্যাহত।প্রসঙ্গত, ইতিমধ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে কুকথা বলার অভিযোগে এবার তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে জাতীয় নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে বিজেপি। নির্বাচনী বিধি লঙ্ঘনের অভিযোগ ওঠে। এবার সরাসরি মুখ্যমন্ত্রী নির্বাচন কমিশনের বিরুদ্ধেই অভিযোগ তুললেন।তবে এদিন কেন্দ্রীয় এজেন্সির পাশাপাশি, নির্বাচন কমিশনের বিরুদ্ধে তোপ দেগেছেন মুখ্যমন্ত্রী। পুরুলিয়ার সভা থেকে সরাসরি নির্বাচন কমিশনকে 'স্যালুট' করলেন মুখ্যমন্ত্রী। কিন্তু কেন?

মুখ্যমন্ত্রী বললেন, "নির্বাচন কমিশন স্যালুট টু ইউ। আমি আগেই স্যালুট দিয়ে দিলাম। আমি জানি বিজেপি আপনাদের রোজ দেয়। আমরা চাই আপনারা ইমপার্সিয়ালি কাজ করুন। আর যদি না করেন, বিশ্বের গণতন্ত্র, ভারতবর্ষ যদি ধ্বংস হয়ে যায়, মানুষ কিন্তু আপনাদের ক্ষমা করবে না।" এখানেই শেষ করেননি মুখ্যমন্ত্রী। দিয়ে রাখেন হুঁশিয়ারিও। বললেন, "আমরা দেশকে ভালোবাসি, তাই আমরা এখনও মুখ খুলিনি। যখন মুখ খুলব, তখন দেখবেন আপনার বত্রিশটা পাটি বেরিয়ে গিয়েছে।"তবে এই প্রথম নয়। এর আগে কোচবিহারের মাথাভাঙার সভা থেকেও নির্বাচন কমিশনের বিরুদ্ধে সরব হয়েছিলেন মুখ্যমন্ত্রী। বিজেপি ও নির্বাচনের যোগসাজসের অভিযোগ তোলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, "যার বিয়ে সে নিজেই পুরোহিত। বিজেপি আর নির্বাচন কমিশন এক হয়ে কাজ করছে। সেই কারণেই নির্বাচনী আচরণ বিধি মানে না বিজেপি।"

নিরাপত্তাকর্মীদের আক্রমণে


## প্রাণ হারিয়েছেন ১২ জন জঙ্গি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পাকিস্তানে ফের জঙ্গি হামলা। গত দুই দিন ধরে পাকিস্তানের অশান্ত খাইবার পাখতুনখোয়া ও বেলুচিস্তান প্রদেশে চলছে সন্ত্রাসী হামলা। এই ঘটনায় প্রাণ হারিয়েছেন ৬ জন নিরাপত্তা কর্মী। অন্যদিকে নিরাপত্তাকর্মীদের আক্রমণে প্রাণ হারিয়েছেন ১২ জন জঙ্গি।উল্লেখ্য, শুক্রবার রাতে খাইবার পাখতুনখোয়ার লাক্কি মারওয়াতে সশস্ত্র দুষ্কৃতীদের গুলিতে এক ডিএসপি , দুই পুলিশ কর্মী এবং একজন কনস্টেবল আহত হয়েছেন। অন্যদিকে শনিবার রাতে ট্যাঙ্ক জেলার মিয়া লাল পুলিশ ফাঁড়ির কাছে অজ্ঞাতপরিচয় ব্যক্তি আচমকাই গুলি চালাতে শুরু করে। এই ঘটনায় একজন হেড কনস্টেবল প্রাণ হারিয়েছেন। ইতিমধ্যেই এই হামলায় শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। সোশ্যাল মিডিয়ায় তিনি লিখেছেন, "সন্ত্রাসবাদীদের কাপুরুষোচিত

এরপর ৩ পাতায়





## মতুয়া ধর্ম মহামেলার শুরুতেই

# গাইঘাটার ঠাকুরনগরে ঠাকুরবাড়িতে উপচে পড়ল ভিড়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মতুয়া ধর্ম মহামেলার শুরুতেই গাইঘাটার ঠাকুরনগরে ঠাকুরবাড়িতে উপচে পড়ল ভিড়। শনিবার, প্রথম দিনই ছিল কামনা সাগরে (বড় একটি পুকুর) 'পুণ্যস্নান'। তবে, উতসবের মধ্যেও বহাল রইল সংশোধিত নাগরিকত্ব আইন (সিএএ) নিয়ে চর্চা, প্রশ্নও।দীর্ঘদিন আগেই ঠাকুরবাড়িতে রাজনৈতিক বিভাজন হয়ে গিয়েছে। এক পক্ষ তৃণমূলের। অন্য পক্ষ বিজেপির। মমতা শান্তনুর জেঠিমা। শান্তনু বনগাঁর বিদায়ী বিজেপি সাংসদ তথা এ বারের প্রার্থীও। তিনি আর একটি 'অল ইন্ডিয়া মতুয়া মহাসজ্ঘ'-এর সজ্ঘাধিপতিও। তিনিও এ দিন 'পুণ্যস্নান' সারেন। তবে, কোনও রাজনৈতিক কথা বলেননি। তাঁর কথায়, "আজ কোনও বিতর্কিত মন্তব্য করব না। আজকের দিনটা আমাদের কাছে বিশেষ দিন।"

'পুণ্যস্নান' করেছেন বনগাঁর তৃণমূল প্রার্থী বিশ্বজিত দাসও। তিনি বলেন, "আমি মতুয়া পরিবারের সদস্য। ওপার বাংলায় ওড়াকান্দির কাছে আমাদের বাড়ি ছিল। ছোটবেলা থেকেই ঠাকুরবাড়িতে আসছি। আগেও স্নান করেছি। এর সঙ্গে ভোটের কোনও সম্পর্ক নেই। শান্তনু মতুয়াদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন।"বিশ্বজিতের স্নান করাকে কটাক্ষ করে বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলা সভাপতি দেবদাস মণ্ডল বলেন, "এ দিকে তৃণমূল মতুয়াদের নাগরিকত্ব পাওয়ার বিরোধিতা করছে। অন্য দিকে, ভোটের জন্য স্নান করছেন প্রার্থী। এই দ্বিচারিতায় কোনও লাভ হবে না। মতুয়ারা বিজেপির সঙ্গেই আছেন।"মতুয়াদের আরাধ্য দেবতা হরিচাঁদ ঠাকুরের জন্মতিথি মধুকৃষ্ণ ত্রয়োদশী উপলক্ষে প্রতিবার এই মেলার আয়োজন করা হয়।সিএএ নিয়ে বিজ্ঞপ্তি জারি হওয়া এবং ভোটের আবহে এ বার যেন বাড়তি ভিড় ঠাকুরবাড়িতে!

বনগাঁ জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে, এ দিন দুপুর ১২টা পর্যন্ত মেলায় প্রায় ৬ লক্ষ মানুষ এসেছেন। এর পরেও মতুয়া ভক্তদের ঠাকুরবাড়িতে আসার ঢল ক্রমশ বেড়েছে।

সকাল থেকেই ঠাকুরবাড়িতে নিজের কার্যালয়ে ছিলেন অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘের সঙ্ঘাধিপতি তথা তৃণমূলের রাজ্যসভার সাংসদ মমতা ঠাকুর। সকালে এক দল মতুয়াভক্ত সেখানে গিয়ে তাঁরা নাগরিকত্বের জন্য আবেদন করবেন কি না, সে ব্যাপারে মমতার কাছে জানতে চান। মমতা জানান, তাঁরা ভারতের নাগরিকই। নাগরিকত্বের জন্য আবেদন করবেন কেন? আবেদন করলে বে-নাগরিক হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। কোনও পরিস্থিতিতেই তাঁরা যাতে আবেদন না করেন, সে ব্যাপারে মমতা তাঁদের সতর্ক করেন। সকলেই মমতার কথায় আশ্বস্ত হন।পুণ্যস্নান করতে এসেছিলেন মতুয়াভক্ত মন্টু বালা। তিনি বলেন, "আমরা চেয়েছিলাম নিঃশর্ত নাগরিকত্ব। কিন্তু এখন বাংলাদেশের নথি চাওয়া হচ্ছে। প্রাণ বাঁচাতে আমরা পালিয়ে বাংলাদেশ থেকে এ দেশে এসেছিলাম। নথিপত্র আনব কী ভাবে? আমরা চাই নাগরিকত্বের জন্য আমাদের মতুয়া পরিচয়ই যথেষ্ট বলে বিবেচিত হোক।"

নদিয়ার দত্তপুলিয়া থেকে এসেছিলেন সুধাংশু গোসাঁই। তিনি বলেন, "২০০৩ সালে আমরা নাগরিকত্বের জন্য আমরণ অনশন করেছিলাম। সিএএ চেয়েছিলাম। কিন্তু আবেদনের ভিত্তিতে নাগরিকত্ব চাইনি।"তবে, অন্য মতও আছে। হারাধন হালদার নামে এক ভক্ত বলেন, "এত ভিড় আগে হয়নি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আমাদের পূর্ণ নাগরিকত্ব দিচ্ছেন। আমরা এসেছিলাম শান্তনু ঠাকুরকে আশীর্বাদ করতে।" নিমাই বিশ্বাস নামে এক ভক্ত বলেন, "ঠাকুরমশাই (শান্তনু ঠাকুর) আমাদের বলেছেন, আবেদন করতে বাংলাদেশের কোনও নথিপত্র লাগাবে না। আমরা অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘের সঙ্গে ৫ বছর যুক্ত আছি। এটাই আমাদের নাগরিকত্ব পাওয়ার জন্য যথেষ্ট।"

## পানিহাটিতে সৌগত রায়ের গাড়ি দুর্ঘটনায়

# পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানিয়ে খড়দহ থানায় অভিযোগ দায়ের তৃণমূল নেতৃত্বের






**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পানিহাটিতে সৌগত রায়ের গাড়ি দুর্ঘটনায় পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানিয়ে খড়দহ থানায় অভিযোগ দায়ের তৃণমূল নেতৃত্বের। শনিবার সন্ধ্যায় পানিহাটি এইচবি টাউন মোড়ে প্রচার সেরে ফেরার সময় দমদম লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী সৌগত রায়ের গাড়ির পেছনে নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারে একটি ম্যাটাডোর ভ্যান।কামারহাটি বিধানসভার অন্তর্গত বেলঘরিয়া বাদামতলা এলাকা থেকে দমদম লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী শীলভদ্র দত্তের প্রচার শুরু হয়। প্রচার চলাকালীন প্রার্থীর সামনে কারা থাকবে, তাই নিয়ে বিজেপি কর্মীদের মধ্যেই প্রকাশ্যে দেখা গেল গোষ্ঠীকোন্দল। প্রচার চলাকালীন কর্মীরা একে অপরকে ধাক্কা ও হাতাহাতিতে জড়িয়ে পড়ল। এই ঘটনায় বিজেপি প্রার্থী কোনও মুখ খুলতে চাননি। পাশাপাশি বিজেপি কর্মীদের মধ্যে গোষ্ঠীকোন্দলের ঘটনায় বিজেপিকে কটাক্ষ করেছে তৃণমূল কংগ্রেস।ঘটনাস্থলে পৌঁছয় খড়দহ থানার বিশাল পুলিশ বাহিনী।

ঘটনাস্থল থেকে ম্যাটাডোর ভ্যান সহ চালক ও খালাসিকে গ্রেফতার করে পুলিশ। লোকসভা নির্বাচনের আগে প্রার্থী সৌগত রায়ের গাড়িতে ম্যাটাডোর ভ্যানের ধাক্কার ঘটনায় পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানিয়ে খড়দহ থানায় অভিযোগ দায়ের করা হল তৃণমূল কংগ্রেস নেতৃত্বের পক্ষ থেকে। গোটা ঘটনায় তদন্ত ও জিজ্ঞাসাবাদ করছে খড়দহ থানার পুলিশ।

এদিকে, বেলঘরিয়ায় বিজেপি প্রার্থী শীলভদ্র দত্তের প্রচারে প্রকাশ্যে বিজেপি কর্মীদের গোষ্ঠীকোন্দল। কর্মীরা একে অপরের সঙ্গে জড়িয়ে পড়ল ধাক্কাধাক্কি ও হাতাহাতিতে।

## নবরাত্রির সঙ্গে রামনবমীর কী যোগাযোগ?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নবরাত্রি ও চৈত্র নবরাত্রি -- এই দুই নবরাত্রি নিয়ে সারা দেশে তৈরি হয় উতসবের আবহ। মেতে ওঠেন ভক্তেরা। এ বছরের মতো শারদীয় নবরাত্রি চলে গিয়েছে। যেটিকে আমরা দুর্গাপুজো দিয়ে চিহ্নিত করি। এবার পালা চৈত্র নবরাত্রির। এটি আমরা বাঙালিরা চিহ্নিত করি মা বাসন্তী ও মা অন্নপূর্ণা পুজো দিয়ে।কিন্তু চৈত্র নবরাত্রির সঙ্গে রামনবমীর কী যোগাযোগ?

অনেক ভক্তিমান হিন্দুই দেবী দুর্গার নানা অবতারের এই পুজোর নবরাত্রি তিথির শেষ দিনটি রামনবমী হিসেবে

এরপর ৪ পাতায়

## লোকসভা নির্বাচনের আগে

# কোমর বেঁধে ময়দানে নেমে পড়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের আগে কোমর বেঁধে ময়দানে নেমে পড়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায় । জেলায় জেলায় দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার করছেন তিনি। রবিবার যেমন ঘাটালের জোড়াফুল প্রার্থী দেবের সমর্থনে রোড শো করেন তৃণমূল 'সেনাপতি'। এরপর জনসাধারণের উদ্দেশে আধ ঘণ্টা মতো বক্তৃতা দেন।ঘাটাল মাস্টার প্ল্যানের পর আবাস যোজনার টাকা নিয়েও বড় ঘোষণা করেন অভিষেক। ১০০ দিনের টাকা দেওয়ার পর আবাস যোজনা নিয়েও তৃণমূলের গলায় 'একলা চলো' নীতির সুর শোনা গিয়েছিল। আজ ঘাটালের সভা থেকে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক বলেন, 'আরও একটা ঘোষণা আছে, সেটাও কি আজ বলব?'আসন্ন নির্বাচনে ঘাটালবাসী কেন দেবকে ভোট দেবেন এবং হিরণকে দেবেন না, ভাষণ দেওয়ার সময় তা বলেন অভিষেক। তিনি জানান, হিরণ বিজেপি ছেড়ে তৃণমূলে আসতে চেয়েছিলেন। এই নিয়ে তাঁর সঙ্গে যোগাযোগও করেন। এই সংক্রান্ত ভিডিও প্রমাণ তাঁর কাছে রয়েছে বলে দাবি করেন তৃণমূলের সেকেন্ড ইন কমান্ড।

কথা প্রসঙ্গে হিরণের বিধানসভা কেন্দ্র এবং ঘাটালের উন্নয়ন প্রসঙ্গ উঠে

এরপর ৩ পাতায়



।। মা সিদ্ধেশ্বরী ।।
শুভ জন্মদিন
শ্রী শ্রী সিদ্ধেশ্বরীকালী মন্দির
৭ কে, এম সা ষ্ট্রীট ,শ্রীরামপুর থানার পাশে, হুগলি



## কোনো ইসরায়েলি দূতাবাস এখন আর

# নিরাপদ নয়: ইরানের উর্ধ্বতন কর্মকর্তা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইরানের সর্বোচ্চ নেতার একজন উপদেষ্টা হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, গত সপ্তাহে সিরিয়ার

এরপর ৪ পাতায়









বঙ্গোপসাগরের অন্ধ্র উপকূলে

## ৯ জন আহত ও মারাত্মক ভাবে জখম মৎস্যজীবীর উদ্ধার ও চিকিৎসার ব্যবস্থা করে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** অন্ধ্র উপকূলে টহল দেওয়ার সময় ভারতীয় উপকূলরক্ষী বাহিনী একটি নৌকায় অগ্নিকান্ড ও বিস্ফোরণে মারাত্মক ভাবে জখম ৯ জন মৎস্যজীবীকে উদ্ধার করেছে। মাছ ধরার ঐ নৌকাটিতে অগ্নিকান্ডের ফলে নিমেষের মধ্যে তা সমুদ্রে তলিয়ে যায়। এই ঘটনা গত ৫ এপ্রিলের। উপকূলরক্ষী বাহিনী সূত্রে জানা যায় যে সমুদ্র উপকূলে টহল দেওয়ার সময় আইসিজিএফ বীরা একটি বেতার বার্তার মাধ্যমে খবর পায় যে অদূরেই একটি মাছ ধরার নৌকায় আগুন লেগে যাওয়ার ফলে তা কয়েক মিনিটের মধ্যেই সমুদ্রে ডুবে গেছে। দুর্গা ভবানী নামে ঐ মাছ ধরার নৌকাটি বিশাখাপত্তনম বন্দরের ৬৫ নটিক্যাল মাইল এলাকা দিয়ে তখন যাচ্ছিল। অন্ধ্রপ্রদেশে নথিভুক্ত এই মাছ ধরার নৌকাটি ৯ জন মৎস্যজীবী সহ যাত্রা শুরু করে কাকিনাড়া বন্দর থেকে গত ২৬ মার্চ। নৌকাটিতে আগুন লেগে যায় গত ৫ এপ্রিল। এর ফলে, নৌকায় রাখা একটি গ্যাস সিলিন্ডারে বিস্ফোরণ ঘটে। ৯ জন মৎস্যজীবীর সকলেই প্রাণ বাঁচানোর জন্য সমুদ্রের জলে ঝাঁপ দেন। তবে, তাঁদের মধ্যে কয়েকজন মারাত্মক ভাবে পুড়ে গিয়ে জখম হন। অন্যদিকে, তাঁদের নৌকাটি বিস্ফোরণের ফলে ভীষণ ভাবে ক্ষতিগ্রস্ত হয়ে কয়েক মিনিটের মধ্যেই সমুদ্রে ডুবে যায়। মাছ ধরার ঐ নৌকাটিতে অগ্নিকান্ড ও বিস্ফোরণের খবর উপকূলরক্ষী বাহিনীর জাহাজে নিকটবর্তী একটি নৌকা থেকে পৌঁছে দেওয়া হয়। ঐ নৌকার নাবিকেরাও জলে ঝাঁপ দেওয়া মৎস্যজীবীদের উদ্ধারের কাজে হাত লাগায়। পরিস্থিতির গুরুত্ব উপলব্ধি করে আইসিজিএফ বীরা দ্রুত তৎপরতার সঙ্গে কয়েক ঘন্টার মধ্যেই ঘটনাস্থলে পৌঁছে গিয়ে আহত ও ক্ষতিগ্রস্ত মৎস্যজীবীদের উদ্ধার কাজে নেমে পড়ে। উদ্ধার করা মৎস্যজীবীদের প্রত্যেককেই উপকূলরক্ষী বাহিনীর আইসিজি জাহাজটিতে নিয়ে এসে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা হয়। ইতিমধ্যে জেডি ফিসারির বিশাখাপত্তনমের উপকূলরক্ষী বাহিনীর জেলা সদর দপ্তর ৬-এর সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধনের মাধ্যমে দ্রুত অ্যাম্বুলেন্স এবং আরও ভাল ভাবে চিকিৎসার ব্যবস্থা করা হয়। মারাত্মক ভাবে পুড়ে যাওয়া মৎস্যজীবীদের জরুরী চিকিৎসার জন্য বিশাখাপত্তনমের কিং জর্জ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। টহলদারী আইসিজি-র জাহাজটির বিশেষ তৎপরতার ফলে ত্রাণ ও উদ্ধার কাজের বিষয়টি মাত্র ৬ ঘন্টার মধ্যে সেরে ফেলা হয়। প্রসঙ্গত উল্লেখ্য যে গভীর সমুদ্রে ভাসমান মাছ ধরার নৌকো ও তার আরোহীদের কাছে সকল রকম সহায়তা পৌঁছে দেওয়ার কাজে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী এক বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

১-ম পাতার পর

## পারিবারিক জমি নিয়ে বিবাদের জেরে খুন হতে হল এক সিভিক ভলেন্টিয়ারকে

দুই ছেলের বিরুদ্ধে। ঘটনায় আহত হয়েছে আরো দুই। কান্নায় ভেঙে পড়েছে গোটা পরিবার। পুলিশ খুনের মামলা দায়ের করে। মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। অন্যদিকে, উত্তর ২৪ পরগনা জেলার দমদম লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী সৌগত রায়ের গাড়িতে ধাক্কা।

১-ম পাতার পর

## নিরাপত্তাকর্মীদের আক্রমণে প্রাণ হারিয়েছেন ১২ জন জঙ্গি

কার্যকলাপ আমাদের কর্মকাণ্ডকে টলাতে পারবে না।' তবে পাকিস্তানে এই ঘটনা প্রথম নয়। লাগাতার সন্ত্রাসী হামলায় পাকিস্তানে প্রাণ হারাচ্ছেন পুলিশ থেকে নিরাপত্তা কর্মীরা। পাকিস্তান সশস্ত্র বাহিনী জানিয়েছে বেলুচিস্তান প্রদেশে প্রাণ হারিয়েছেন ৪ জন জঙ্গি। এছাড়াও খাইবার পাখতুনখোয়ার ডেরা ইসমাইল খান জেলার কুলাচি তহসিলের কোট সুলতান এলাকায় নিরাপত্তা বাহিনীর অভিযানে আট জঙ্গি নিহত হয়েছে। জানা গিয়েছে নিরাপত্তা বাহিনী নিহত জঙ্গিদের কাছ থেকে অস্ত্র, গোলাবারুদ ও বিস্ফোরক উদ্ধার করেছে।

## সঠিক সময়ে আসন ঘোষণা করা হবে: ব্রিজমোহন শ্রীবাস্তব




**নয়াদিল্লি, এপ্রিল ৭, ২০২৪ (এজেন্সি): নিউজ সারাদিন :** মহারাষ্ট্রের মোট ৪৮টি লোকসভা আসনের জন্য এনডিএ-এর আসন ভাগাভাগি সূত্র নির্ধারণ করা হয়েছে, তবে আসন নির্বাচন নিয়ে বিভ্রান্তি অব্যাহত রয়েছে। এনসিপি (অজিত গোষ্ঠী) এর জাতীয় সাধারণ সম্পাদক ব্রিজমোহন শ্রীবাস্তব বলেছেন যে সামান্য বিলম্ব হলেও, আসনগুলি সঠিক সময়ে ঘোষণা করা হবে। তিনি বলেন, এ নিয়ে দল বা জোটে কোনো বিভ্রান্তি নেই।

এনসিপি মুখপাত্র বলেছেন যে বিরোধী জোটের নেতারা বাইরে বিবৃতি দেন, তাই তাদের দিক থেকে কিছুটা বিভ্রান্তি থাকতে পারে, তবে আমাদের এনডিএ দলগুলিতে কোনও ধরণের সমস্যা নেই। উপযুক্ত সময়ে আসনও ঘোষণা করা হবে। জোটের লক্ষ্য শ্রদ্ধেয় নরেন্দ্র মোদিকে আবার প্রধানমন্ত্রী করা।

এটি লক্ষণীয় যে উত্তরপ্রদেশের পরে আসন সংখ্যার দিক থেকে দেশের দ্বিতীয় বৃহত্তম রাজ্য মহারাষ্ট্রে তিনটি দল এনডিএ জোটে অন্তর্ভুক্ত রয়েছে। বিজেপির পাশাপাশি, একনাথ শিন্ডের নেতৃত্বাধীন শিবসেনা এবং অজিত পাওয়ারের নেতৃত্বাধীন এনসিপি এনডিএ-তে রয়েছে। ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স (এনডিএ) ৪০০ টিরও বেশি আসন জয়ের লক্ষ্য নির্ধারণ করেছে। বিজেপি এখন পর্যন্ত ২৪টি আসনে প্রার্থী ঘোষণা করেছে, আর শিবসেনা আটটি আসনে প্রার্থী ঘোষণা করেছে। এনসিপি আনুষ্ঠানিকভাবে মাত্র দুটি আসনের জন্য প্রার্থিতা ঘোষণা করেছে, যার মধ্যে বারামাতি এবং রায়গড় লোকসভা অন্তর্ভুক্ত রয়েছে। (এলএস)

## লঞ্চ মেরামতির টাকা দেবে রাজ্য

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মেরামত করা যাচ্ছিল না টাকার অভাবে। তাই সারি দিয়ে লঞ্চ খারাপ হয়ে গঙ্গাতেই পড়ে ছিল। আবার অনেকগুলি লঞ্চে বাতিল হয়ে গিয়েছিল যাত্রী পরিবহণের অনুমতি। সুতরাং বন্ধ হয়ে যায় বেশ কয়েকটি জলপথের রুট। আর তার জেরে রোজগারে টান পড়ে। অর্থাত আয় কমে যায়। গত ১০ বছর ধরে টিকিটের যে মূল্য ছিল এখনও একই মূল্য রয়েছে। এছাড়া গত মার্চ মাসে রাজ্য সরকারের নির্দেশে ওই সমবায় সমিতিতে গঠন করা হয় ১২ সদস্যের মনোনীত পরিচালকমণ্ডলী। তারপর সব বিষয়টি খতিয়ে দেখা হয়। আর ওই পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে দফায় দফায় রাজ্য সমবায় দফতর, পরিবহণ দফতর এবং অর্থ দফতরে সংস্থাটির অবস্থা জানিয়ে অর্থ বরাদ্দের আবেদন করা হয়। এই বিষয়ে ওই সংস্থার পরিচালকমণ্ডলীর চেয়ারম্যান বাপি মান্না বলেন, 'রাজ্য সরকারের দেওয়া টাকায় লঞ্চগুলি মেরামত হওয়ার পরেই আমরা বন্ধ হয়ে যাওয়া রুটগুলি চালু করব। লঞ্চ বাড়লেই যাত্রীও বাড়বে। আবার বাঁচার সুযোগ

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

## আমার কারও বিরুদ্ধে অভিযোগ নেই: শেখ শাহজাহান

তাঁর বিরুদ্ধে সন্দেশখালিতে সাধারণ গ্রামবাসীদের উপর অত্যাচার, জমি জবরদখল, মাছের ব্যবসার আড়ালে দুর্নীতির মতো একাধিক গুরুতর অভিযোগ রয়েছে। গ্রেফতারির পর শাহজাহানকে ছ'বছরের জন্য দল থেকে সাসপেন্ড করেছে তৃণমূল। রবিবার সকালে কলকাতায় ইডির দফতর সিজিও কমপ্লেক্স থেকে বার করে শাহজাহানকে মেডিক্যাল পরীক্ষার জন্য জোকা ইএসআই হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সিজিও থেকে বেরোনোর সময়েই ওই মন্তব্য করেন তিনি। ইএসআই হাসপাতালে পৌঁছনোর পর শাহজাহানকে প্রশ্ন করা হয়েছিল, 'দল তো আপনার পাশে নেই। কী বলবেন?' উত্তরে তৃণমূলের সাসপেন্ড হওয়া নেতা খানিক প্রত্যয়ের সুরে তর্জনী উঁচিয়ে বলেন, 'কেউ থাকল বা না থাকল, আমার আল্লা আছে।'

কিছু দিন আগেও অবশ্য শাহজাহান বলেছিলেন, 'আল্লা আছেন, বিচার করবেন!" গত বুধবার অবশ্য আত্মপক্ষ সমর্থনের জন্য নিজেই উদ্যোগী হন তিনি। বলেন, "সব মিথ্যে! আমাকে ফাঁসানো হয়েছে।" আর গত শুক্রবার ইএসআই হাসপাতালে নিয়ে যাওয়ার পথে শাহজাহান জানিয়েছিলেন, "সব মিথ্যা। ওরা বিজেপির দালাল।" কারা বিজেপির দালাল, তা অবশ্য স্পষ্ট করেননি তিনি। সেই হিসাবে শুক্রবারের পর রবিবার, মাত্র দু'দিনের মধ্যেই শাহজাহানের ভোলবদল হল বলেই মনে করা হচ্ছে। কারণ, আগের দিন খানিক আগ্রাসী ভঙ্গিতে ফাঁসানোর অভিযোগ করলেও, রবিবার তিনি বললেন, কারও বিরুদ্ধে অভিযোগ নেই!

সন্দেশখালিকাণ্ডে ধৃত শাহজাহান বর্তমানে ইডি হেফাজতে রয়েছেন। তাঁকে রাখা হয়েছে সল্টলেকের সিজিও কমপ্লেক্সে। শাহজাহানের কন্যা সাবিনার নামে তাঁর একটি মাছ ব্যবসার সংস্থা চলে, যার নাম সাবিনা এন্টারপ্রাইজ়। ওই সংস্থার অ্যাকাউন্টে ১৩৭ কোটি টাকার লেনদেন হয়েছে বলে অভিযোগ। কালো টাকা সাদা করার মাধ্যম হিসাবে এই সংস্থাটিকে ব্যবহার করতেন তিনি। শুক্রবার সে সব অভিযোগই উড়িয়ে দেন সন্দেশখালির সাসপেন্ড হওয়া তৃণমূল নেতা। প্রশ্ন শুনে তিনি বলেছিলেন, "সব মিথ্যা কথা। কেন এগুলো বলছেন! সব দালাল।

২ পাতার পর

## লোকসভা নির্বাচনের আগে কোমর বেঁধে ময়দানে নেমে পড়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়

আসে। এরপরেই ঘাটাল মাস্টার প্ল্যান এবং আবাস যোজনার টাকা দেওয়া নিয়ে মুখ খোলেন অভিষেক। ঘাটালের তৃণমূল প্রার্থী দেব আগেই বলেছিলেন, মুখ্যমন্ত্রী কথা দিয়েছেন তিনি ঘাটাল মাস্টার প্ল্যান করবেন। তাই ফের ঘাটালবাসীর মুখ চেয়ে তিনি ভোটে দাঁড়াতে রাজি হয়েছেন। এদিন অভিষেক জানানেন, এই বছরের মধ্যেই এই প্ল্যানের কাজ শুরু হয়ে যাবে।

ডায়মন্ড হারবারের সাংসদ বলেন, 'মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দেবকে পাশে নিয়ে আগেই ঘাটাল মাস্টার প্ল্যান করে দেওয়ার কথা বলেছিলেন। আজ আমি বলে যাচ্ছ, এই বছর ৩১ ডিসেম্বরের মধ্যে ওই প্ল্যানের কাজ আমরা শুরু করে দেব। এটা আমি কথা দিয়ে গেলাম। আর আমি যদি কোনও কথা দিই সেটা রাখি'।

উপস্থিত জনগণের কাছ থেকে ইতিবাচক প্রতিক্রিয়া পেতেই অভিষেক বলেন, 'এই বছরের ডিসেম্বর মাসের মধ্যে রাজ্য সরকার আবাসের আবেদনকারীদের প্রথম কিস্তির টাকা দেওয়া শুরু করবে'। এখানেই না থেমে তৃণমূল নেতা বলেন, 'আমি কথা দিয়ে যাচ্ছি, যে যে এলাকা, পঞ্চায়েত, পুরসভা এবং বিধানসভায় আমাদের হাত আপনারা শক্ত করবেন, সেখানকার মানুষদের অ্যাকাউন্টে আগামী ডিসেম্বর মাসের মধ্যে আবাসের প্রথম কিস্তির টাকা পৌঁছে যাবে'।

উন্নত প্রযুক্তির মাধ্যমে

## কৃষি ও শিল্পের উন্নয়ন সম্ভব: অধ্যাপক ড. সিংহ



**এম কে মধুবালা, সাংবাদিক। নয়াদিল্লি, ৭ এপ্রিল ২০২৪:** দিল্লি টেকনিক্যাল ইউনিভার্সিটির অধ্যাপক রাজ কুমার সিং বলেছেন যে ভারতের মতো দেশে কৃষি ও শিল্পের ক্ষেত্রে উন্নতি শুধুমাত্র উন্নত প্রযুক্তির মাধ্যমেই সম্ভব।

প্রফেসর সিং, যিনি তার মিশনে অনুপ্রেরণা দিতে একটি প্রোগ্রাম চলাকালীন প্যামফলেট বিতরণ করতে এসেছিলেন, তিনি গতকাল এখানে একটি সাক্ষাৎকারের সময় একথা বলেছেন। তিনি আরও বলেছিলেন যে ডিজিটাল লেনদেন দুর্নীতির সম্ভাবনা হ্রাস করে, তবে এটি প্রযুক্তিগতভাবে করা যায় না। বোকা হওয়া দরকার। প্রমাণিত

অধ্যাপক সিং বলেন, বেকারত্ব দূর করার জন্য সরকারকে শিক্ষা, স্বাস্থ্য, আইনশৃঙ্খলা, পরিবেশ ও অবকাঠামোর ক্ষেত্রে কর্মসংস্থান সৃষ্টির ব্যবস্থা করতে হবে, কারণ এসব এলাকায় প্রচুর কর্মসংস্থানের সম্ভাবনা রয়েছে।

প্রফেসর সিং বলেন, দেশের অর্থনীতিকে শক্তিশালী করতে হলে মুদ্রা উৎপাদন, ক্রেতা ও বিক্রেতার মধ্যে আরও ভালো সমন্বয় প্রয়োজন। সমন্বয় না হলে অর্থনীতি ভেঙে পড়ে। অর্থনীতিকে গতি দেওয়ার জন্য মুদ্রাই সর্বোত্তম উপায়। একটি মহান হাতিয়ার।






## ৪.৯ কিলোগ্রাম বিদেশী সোনা উদ্ধার ও আটক করেছে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী

তামিলনাড়ুর মন্ডপম উপকূল অঞ্চলের মাঝসমুদ্র থেকে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতীয় উপকূলরক্ষী বাহিনী এবং রামনাথপুরমের কাস্টমস প্রিভেন্টিভ ইউনিট (সিপিইউ)-এর সঙ্গে যৌথ অভিযান চালিয়ে কেন্দ্রীয় রাজস্ব গোয়েন্দা দপ্তর তামিলনাড়ুর মন্ডপমের ভেদালাইয়ে অদূরে মাঝসমুদ্র থেকে ৪.৯ কিলোগ্রাম ওজনের বিদেশী সোনা আটক করেছে। কেন্দ্রীয় রাজস্ব গোয়েন্দা দপ্তরের আধিকারিকরা নির্দিষ্ট গোপন তথ্য অনুসরণ করে জানতে পারেন যে ঐ পরিমাণ বিদেশী সোনা শ্রীলঙ্কা থেকে রামনাথপুরম জেলার ভেদালাই উপকূল অঞ্চল দিয়ে ভারতে পাচার করা হচ্ছিল। প্রাপ্ত তথ্য অনুসারে কেন্দ্রীয় রাজস্ব গোয়েন্দা দপ্তর এবং ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর কর্মী ও আধিকারিকরা ভেদালাই উপকূল অঞ্চল দিয়ে যাতায়াতকারী মাছ ধরার নৌকাগুলির উপর সতর্ক দৃষ্টি রাখতে শুরু করেন। এই ঘটনা ৩ থেকে ৪ এপ্রিলের মধ্যরাতের। অবশেষে ৪ এপ্রিলের ভোরের দিকে সংশ্লিষ্ট আধিকারিকরা মাঝসমুদ্রে একটি নৌকাকে সন্দেহজনক ভাবে চলাচল করতে দেখে তার পেছনে ধাওয়া করেন। আধিকারিকরা আরও লক্ষ্য করেন যে, সরকারি আধিকারিকদের জলযানটি লক্ষ্য করে পাচারকারী নৌকার একজন আরোহী পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া মালটি গভীর সমুদ্রে ফেলে দেয়। ঐ নৌকায় আরোহীর সংখ্যা ছিল তিন জন। জিজ্ঞাসাবাদের ফলে তারা স্বীকার করে যে, পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া বিদেশী সোনা তারা সমুদ্রের মধ্যে ফেলে দিয়েছে। তারা এও জানায় যে, শ্রীলঙ্কা থেকে ঐ সোনা ভারতে পাচার করা হচ্ছিল। গভীর সমুদ্রে শ্রীলঙ্কার একটি নৌকা থেকে চোরাচালানের উদ্দেশ্যে ঐ বিদেশী সোনা তাদের হাতে তুলে দেওয়া হয়। ইতিমধ্যেই রামনাথপুরমের সিপিইউ আধিকারিকরা অন্য একটি নৌকোয় ঘটনাস্থলে হাজির হয়ে ফেলে দেওয়া সোনা আটক ও উদ্ধারের জন্য তৎপরতার সঙ্গে অভিযান চালায়। গভীর সমুদ্র এলাকায় খোঁজাখুজির পর ঐ সোনা উদ্ধার করে তা আটকও করা হয়। উদ্ধার ও আটকের পর দেখা যায় যে আনুমানিক ৩ কোটি ৪৩ লক্ষ টাকার ৪.৯ কিলোগ্রাম ওজনের কয়েকটি সোনার বার একটি তোয়ালের মধ্যে বাঁধা অবস্থায় সমুদ্রে ফেলে দেওয়া হয়েছিল। এরপর সোনা সহ ৩ জন পাচারকারীকে কেন্দ্রীয় রাজস্ব গোয়েন্দা দপ্তর এবং ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর কর্মী ও আধিকারিকরা আটক করেন। ধৃত ব্যক্তিদের এখন আরও জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ৯৬ সংখ্যা ০৮ এপ্রিল, ২০২৪ সোমবার ২৫ চৈত্র, ১৪৩০

৩ পাতার পর

## লঞ্চ মেরামতির টাকা দেবে রাজ্য

মিলবে।'সুতরাং কোষাগারে চাপ বাড়ে। অবশেষে এই পরিস্থিতি থেকে লঞ্চ পরিষেবাকে অটুট রাখতে বিপুল টাকা দিয়ে পাশে দাঁড়াল রাজ্য সরকার।

এদিকে টিকিটের দাম বৃদ্ধি না হওয়ায় ক্রমাগত কোষাগার শূন্য হয়ে পড়ছিল হুগলি নদী জলপথ পরিবহণ সমবায় সমিতি। কলকাতা-হাওড়ার জলপথ পরিবহণেও সমস্যা দেখা দিয়েছিল। মেট্রো চালু হওয়ায় এই পথে আয় কমতে শুরু করেছিল। এমন পরিস্থিতিতে এই সমবায় সমিতির পাশে এসে দাঁড়াল রাজ্য সরকার। ওই সংস্থারই পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে আবেদন করা হয়েছিল। সেখানে উল্লেখ করা হয়েছিল প্রকৃত সমস্যা। এবার সব ক'টি বসে যাওয়া লঞ্চ মেরামতির জন্য রাজ্য সরকার বরাদ্দ করেছে প্রায় সাড়ে ৭ কোটি টাকা। লোকসভা নির্বাচনের প্রাক্কালে এমন সাহায্য পেয়ে উতসাহিত জলপথ পরিবহণ সমিতি।

অন্যদিকে হাওড়া-এসপ্ল্যানেড মেট্রো রুট চালু হয়েছে। সেখানে ব্যাপক হারে ভিড় হচ্ছে। আর তার জেরে মার খাচ্ছিল জলপথ পরিবহণ। এবার সেজে উঠেছে জলপথে লঞ্চের রুট। তাতে আবার আয় বাড়বে বলে মনে করা হচ্ছে। রাজ্য সমবায় দফতর সূত্রে খবর, ওই সমবায় সমিতির পক্ষ থেকে ১৯টি লঞ্চ সার্বিক মেরামতের জন্য রাজ্য সমবায় দফতর ও পরিবহণ দফতরের কাছে আবেদন করা হয়েছিল। সেই আবেদনের ভিত্তিতে সাড়ে ৭ কোটি টাকা বরাদ্দ করেছে অর্থ দফতর। ইতিমধ্যেই শালিমার শিপ বির্ল্ডাসের সঙ্গে কথা হয়ে গিয়েছে। আগামী ৬ থেকে ৮ মাসের মধ্যে ১৯টি লঞ্চই সম্পূর্ণ সারিয়ে তোলা হবে। গঙ্গায় নামানো হবে বলে লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

## সম্পাদকীয়

### সারিধর্মের বক্তব্য হল সত্যই পরম ধর্ম

সারিধর্মের বক্তব্য হল সত্যই পরম ধর্ম। এটা সাঁওতালরা মেনে চলেন। আর সারনা হচ্ছে মুন্ডা, ওঁরাওদের মতো আদিবাসী গোষ্ঠীর ধর্ম। এরা সবাই প্রকৃতি পূজারী। কিন্তু মোদি সরকার যতদিন থাকবে, ততদিন এই ধর্মকে স্বীকৃতি দেবে না। এই জনবিরোধী সরকার ক্ষমতাচ্যুত হলে তবেই দীর্ঘদিনের দাবি পুরণ হওয়া সম্ভব।

একই সঙ্গে আমজনতাকে মমতা জানান, 'বিজেপিকে জেতাবেন না, ওরা জিতলে সব কেড়ে নেবে, ধর্ম কেড়ে নেবে, সম্পদ কেড়ে নেবে। লিস্টে যত নম্বরেই থাকুক, নীচের দিকে, ভোটটা তৃণমূলকেই দেবেন। তৃণমূলকে যত বেশি আসন দেবেন, তত বেশি বিজেপি হারবে, আগামীদিনে আমরাই থাকব, আমরাই দেশ গড়ব। ভোট তো দিয়ে দেখলেন। এখানকার সাংসদ কিছু কেরছেন? দেখতে পেয়েছেন? তিনি কালো না সাদা? বিজেপি করলেই সাদা। তৃণমূল করলে কালো। তৃণমূলকে ভোট দিন। নয়তো আগামী দিনে ভারতবর্ষ থাকবে না। আর এখান থেকে বিজেপিকে জেতাবেন না। ওরা সব কেড়ে নেবে। ধর্ম, জাত কেড়ে নেবে। ইডি, সিবিআই লাগিয়ে দেবে। আমরা সব ধর্মের লোককে নিয়ে চলি। আমার সঙ্গে যে মেয়েটি ঘুমায়, তাঁর পদবি বাউরি। মনে রাখবেন, ধর্ম দিয়ে দেশ চলে না। তার জন্য ভাত লাগে। গ্যাসের দাম দেখছেন তো! ভোট এলেই দাম কমে, আর ভোট গেলেই হাজার টাকা বাড়ে। তাই সব দেখে ভোটতা কিন্তু তৃণমূলকেই দেবেন।'শনিবার বালুরঘাট লোকসভা কেন্দ্রের অন্তর্গত তপনে জনসভা থেকে এমনই দাবি করেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। মোদি সরকার সরে গেলে সারি ও সারনা ধর্মের স্বীকৃতি কার্যত নিশ্চিত। জঙ্গলমহল সফরের আগেই এই গুরুত্বপূর্ণ বার্তা মমতা দিয়েছিলেন। আর এদিন অর্থাত রবিবার সেই জঙ্গলমহলের মাটিতে দাঁড়িয়ে তিনি জানিয়ে দিলেন, 'তৃণমূলকে ভোট দিন, নয়তো আগামী দিনে ভারতবর্ষথাকবে না।'মমতা এদিন চাঞ্চল্যকর ভাবে আর্জি জানিয়েছেন নির্বাচন কমিশনকে। কাশিপুরের মঞ্চ থেকেই তিনি বলেন, 'নির্বাচন কমিশন স্যালট টু ইউ। আমি আগেই স্যালুট দিয়ে দিলাম। আমি জানি বিজেপি আপনাদের রোজ দেয়। আমরা চাই আপনারা ইমপার্সিয়ালি কাজ করুন। আর যদি না করেন, বিশ্বের গণতন্ত্র, ভারতবর্ষ যদি ধ্বংস হয়ে যায়, মানুষ কিন্তু আপনাদের ক্ষমা করবে না। আমরা দেশকে ভালোবাসি, তাই আমরা এখনও মুখ খুলিনি। যখন মুখ খুলব, তখন দেখবেন আপনার বত্রিশটা পাটি বেরিয়ে গিয়েছে।' এর পাশাপাশি মমতা দলের নেতাকর্মীদের উদ্দেশ্য বলেন, 'নেতারা যাঁরা রয়েছেন, সবাইকে বলে যাবো, আরও বেশি করে প্রচারের জন্য সময় দিতে হবে। ওরা কিন্তু ইলেকশন বক্সে চিপ ঢুকিয়ে দিতে পারে, এগুলো ভালো করে নজর রাখতে হবে। কোথাও থাকব, ওরা হোটেলও সব বুক করে নিচ্ছে, যাতে আমরা না থাকতে পারি। বিজেপি ভোট লুট করতে পারে। অস্ত্র দিয়ে, মাদক মিশিয়ে। তাই সাবধানে থাকতে হবে। বিজেপি(BJP) যা করছে, আগামী দিনে মানুষ এদের বর্জন করবে। ঘৃণার সঙ্গে।'

# মনি পর্বতে রামকোটের মন্দির



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)

নাকি নরেন্দ্র মোদির জন্য হয়েছে।২০২০-তে এসে নরেন্দ্র মোদি যখন সুপ্রিম কোর্টের রায়কে হাতিয়ার করে অযোধ্যায় রাম মন্দিরের ভূমিপুজো করছেন, তখন রাজীব-কন্যা রামলালার সাহস, সংযম, ত্যাগের গুনগানে ব্যস্ত। রামলালার মন্দিরের ভূমিপুজোর অনুষ্ঠানকে জাতীয় ঐক্য, বন্ধুত্ব ও সাংস্কৃতিক সমাগমের প্রতীক হিসেবে দেখছেন। তবে সুপ্রিম কোর্টের মামলার আগে হলফনামা দিয়ে শিয়া ওয়াকফ বোর্ড জানিয়ে দিল, অযোধ্যায় রামের জন্মভূমি থেকে মসজিদ সরিয়ে কোনও মুসলমান অধ্যুষিত এলাকায় নিয়ে যাওয়া হোক।

উত্তরপ্রদেশের শিয়া সেন্ট্রাল ওয়াকফ বোর্ডের তরফে হলফনামায় লেখা হয়েছে, 'আমাদের মতে দুই বিবাদি পক্ষের উপাসনার স্থান, মসজিদ ও মন্দির যতটা দূরে রাখা যায় ততই ভাল। কারণ দুই গোষ্ঠীই লাউডস্পিকার ব্যবহার করলে তার ফলে ধর্মীয় আচার অনুষ্ঠানে ব্যাঘাত ঘটে। এতে বিদ্বেষ বাড়ে।' তাঁরা আরও জানিয়েছেন, 'শান্তি আনার জন্য মসজিদকে মর্যাদা পুরষোত্তম শ্রীরামের পূণ্য জন্মভূমি থেকে যথাযথ দূরত্বে কোনও মুসলমান-অধ্যুষিত এলাকায় নিয়ে যাওয়া যায়।'

কিন্তু শিয়া ওয়াকফ বোর্ড এই ধরনের প্রস্তাব মুসলমানদের তরফ থেকে কীভাবে দিতে পারে, সেই প্রশ্নের জবাবও দিয়েছে বোর্ড। তাঁদের মতে, 'বাবরি মসজিদ শিয়া ওয়াকফের অধীনে ছিল। ফলে উত্তর প্রদেশের শিয়া সেন্ট্রাল বোর্ড এই নিয়ে আলোচনা করে শান্তিপূর্ণ সমাধানের একমাত্র পক্ষ।'

এই হলফনামায় সুন্নি ওয়াকফ বোর্ডকেও একহাত নিয়েছে শিয়া ওয়াকফ বোর্ড। সুন্নি বোর্ড কট্টরপন্থীদের হাতে রয়েছে এবং তারা কখনওই শান্তিতে বিশ্বাস করে না বলে অভিযোগ করেছে শিয়া বোর্ড।যাক এসব বিতরকের কথা আমি এই লেখার মধ্যে আরেকটু সংযোজন করতে চাই ,আমি একচুয়ালি কোন ধর্মকে আঘাত করে এই লেখাটি লিখতে চাইনি। আমি অযোধ্যায় গিয়ে যাও অনুভূতি হয়েছিল তা আমি আমার কলমে তুলে ধরতে চেয়েছি। এছাড়াও আমি বিভিন্ন পত্র-পত্রিকা পড়ে যা আমার নিজের বোধগম্য হয়েছে, সে কথাগুলো কলমের ভাষাতে লিপিবদ্ধ করে যেতে চাইছে।আজ থেকে পাঁচ বছর আগে শেষবারের জন্য অযোধ্যায় গিয়েছিলেন সম্পুরা পরিবার চন্দ্রকান্ত সম্পুরা। পুত্র নিখিল এবং আশীস এখন মন্দির নির্মাণের কাজের মূল দায়িত্ব কাঁধে তুলে নিয়েছেন। তাঁদের সঙ্গে যোগ দিয়েছেন নিখিলের ২৮ বছর বয়সী সিভিল ইঞ্জিনিয়ার পুত্র আশুতোষ।আশাসের উল্লেখযোগ্য কাজ, মুম্বাইয়ের আন্টিলায় আম্বানিদের ব্যক্তিগত মন্দির নির্মাণ। এছাড়া এই পরিবারের হাতেই তৈরি হয়েছে অক্ষরধাম মন্দির, অক্ষর পুরুষোত্তম স্বামীনারায়ণ সংস্থার মন্দির। লন্ডনের এই অক্ষর পুরুষোত্তম স্বামী নারায়ন মন্দিরের প্রধান, মহন্ত স্বামী, রাম মন্দিরের ভূমি পূজা অনুষ্ঠানে আমন্ত্রিত ৭ সাধুর অন্যতম।এই অযোধ্যার রাম মন্দির কেমন দেখতে হবে?রাম মন্দির তৈরি হবে নগর শৈলী অনুযায়ী। প্রাথমিকভাবে মন্দিরের আকার-আকৃতি যেমনটা হবে বলে ভাবা হয়েছিল বাস্তবে তা হতে চলেছে আরও অনেক বড়। তিনটি অতিরিক্ত কুণ্ডলী যোগ হচ্ছে মূল নকশার সঙ্গে। একটি সামনে এবং দুটি দু'পাশে। কুন্ডলীর উপর প্রশস্ত হবে 'গৃধ মন্ডপ'। মূল নকশায় ১৬০টি কলমের কথা বলা থাকলেও তা ৩৬৬তে গিয়ে দাঁড়িয়েছে। এরমধ্যে ১৬০ টি কলম থাকবে একতলায় ১৩২ টি থাকবে দোতালায়, ৭৪ টি থাকবে তিনতলায়। 'রাম দরবার' এর সিঁড়ির মাপও বদলেছে। ১৬ ফুট চওড়া হচ্ছে এই সিঁড়ি। মন্দিরের উচ্চতা প্রাথমিকভাবে ১৪১ ফুট নির্ধারিত হলেও শেষ পর্যন্ত ১৬১ ফুট হবে বলে ঠিক হয়েছে। ২৩৫ ফুট আগে নির্ধারিত ছিল। ১৬০ ফুট মন্দিরের দৈর্ঘ্য ২৮০ ফুট থেকে বেড়ে হয়েছে ৩০৭ ফুট। সবদিক থেকে মন্দিরের আকার বাড়ানো হয়েছে কারণ, সরকার চেয়েছে মন্দিরে যাতে আরো বেশি করে মানুষ স্থান পায়, এমনটাই জানাচ্ছেন সম্পুরা পরিবারের সদস্য আশীস। পরিকল্পনা অনুযায়ী, প্রত্যেকটি কলমে ১৬ টি মূর্তি থাকবে। এই মুর্তিগুলির মধ্যে থাকবে দশাবতার, ৬৪ যোগিনী, শিবের সবরকম রূপ এবং সরস্বতী দেবীর ১২ রূপ। রাম মন্দিরের অনন্য বৈশিষ্ট্য হবে অষ্টভুজাকার আকৃতি। এই রাম মন্দিরে থাকবে হিন্দু মন্দিরের স্থাপত্যের প্রায় প্রতিটি নিদর্শন, যেমন চৌকি নৃত্য, গর্ভগৃহ।এই বিশালাকার মন্দির নির্মাণ করতে মোটামুটি সাড়ে তিন বছর সময় লাগবে বলে অনুমান সম্পুরা পরিবারের। কিন্তু করোনা অতিমারীর পরিস্থিতিতে গোটা কাজটি আরও ছয় থেকে আট মাস পিছিয়ে দিয়েছে। যাইহোক ধর্মের অস্তিত্ব কথা তুলে বলতে চাই।হিন্দু ধর্মে অনেক দেব-দেবী আচার এ সবের উর্ধ্বে উপনিষদ অখন্ড ব্রহ্মের কথা বলে। আচার্য সুনীতি চট্টোপাধ্যায় লিখেছেন, হিন্দু শাশ্বত সত্তাকে মানে। এই সত্তাকে নিরূপণের প্রকাশের মুখ্য দু'টি পথ। একটি জ্ঞানের বা যুক্তি-তর্কর পথ, অন্যটি ভক্তির পথ বা অনুভব অনুভূতির পথ। হিন্দু ধর্মে আসলে কোনও Creed বা ধর্মবীজ নেই। স্বামী বিবেকানন্দ বলেছিলেন, নানা ধর্ম নানা ভাষার মত আলাদা। কিন্তু আসলে এক। রাজনৈতিক প্রতিযোগিতা সেই ৪৭' সাল থেকেই হচ্ছে। অনেকে বলেন, গান্ধীজীই প্রথম ধর্মকে ভারতের রাজনীতিতে নিয়ে আসেন। এটি নিয়েও বিতর্ক কম হয়নি। আপাতত বিতর্ক থাক, একটাই প্রত্যাশা, আমরা সেই আলবিরুনির দেখা ভারতবর্ষের সাংস্কৃতিক ঐক্যকে রক্ষা করি।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

২ পাতার পর

# নবরাত্রির সঙ্গে রামনবমীর কী যোগাযোগ?

পালন করেন। তাঁরা মনে করেন, দশরথপুত্র শ্রীরাম, যাঁকে শ্রীবিষ্ণুর অংশজাত মনে করা হয়, তিনি নবরাত্রির শেষ দিনে, নবমীতে জন্মগ্রহণ করেছিলেন। সেই হিসেবে দিনটি রামনবমী বলে চিহ্নিত। সারা দেশে দিনটিতে রামচন্দ্রের পুজো হয়। এ বছর অযোধ্যার রামমন্দিরেও বিপুল আড়ম্বরে তা পালিত হবে বলে মনে করা হচ্ছে।এসে গেল সেই চৈত্র নবরাত্রির লগ্ন। এটি এই চৈত্রেই। আর সেটি একেবারে দোরগোড়ায়।

কবে শুরু চৈত্র নবরাত্রি?

নবরাত্রি থেকে বোঝা যাচ্ছে, এটি একটি ন'দিনের উতসব। এটি শুরু হচ্ছে আগামী ৯ এপ্রিল থেকে। চলবে আগামী ১৭ এপ্রিল পর্যন্ত।

এই নবরাত্রিতে মা দুর্গার নয়টি রূপের পুজো হয়। সেই রূপগুলি হল যথাক্রমে মা শৈলপুত্রী, মা ব্রহ্মচারিণী, মা চন্দ্রঘণ্টা, মা কুষ্মাণ্ডা, স্কন্দমাতা, মা কাত্যায়নী, মা কালরাত্রি, মা মহাগৌরী, মা সিদ্ধিদাত্রী। নয় দিনে মা দুর্গার এই নয়টি অবতারের পুজো করা হয়।

## আদি অনন্ত কাল হইতে শিব ও মনসা জঙ্গল অধিপত্য দেব ও দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এই বলি-ও নাকি অন্যরকম, কোন রকম হাঁড়িকাঠ নেই।একজনই একহাতে পুজোর পশু ধরে, অন্যহাতে কাস্তের মতন ছুরি চালায়। খড়গ ব্যবহার করা হয়না। তবে আমরা যাবার আগেই তিনটি বলি সম্পন্ন হয়েছে, তাই সৌভাগ্য যে বলির দৃশ্য দেখতে হল না।সুজাতা অবশ্য বাবার মাথায় ঘটি করে জলই ঢালল। কিন্তু ছেলেদের জন্য হাঁড়িয়ার শিশি থেকে হাঁড়িয়া ঢালাই লোকাচার বা নিয়ম।

ক্রমশঃ

২ পাতার পর

# কোনো ইসরায়েলি দূতাবাস এখন আর নিরাপদ নয়: ইরানের উর্ধ্বতন কর্মকর্তা

রাজধানীতে ইসরায়েলের হামলায় ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের সাত সদস্য নিহত হওয়ার পর কোনো ইসরায়েলি দূতাবাস 'আর নিরাপদ নয়'।

খবর অনুসারে, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির জ্যেষ্ঠ উপদেষ্টা ইয়াহিয়া রহিম সাফাভি বলেন, ইহুদিবাদী সরকারের দূতাবাসগুলো এখন আর নিরাপদ নয়।

ইরানের বার্তা সংস্থাটি একটি গ্রাফিকসও প্রকাশ করেছে যাতে দাবি করা হয়েছে, নয় ধরণের ইরানি ক্ষেপণাস্ত্র রয়েছে যা ইসরায়েলে আঘাত হানতে সক্ষম।

গত সোমবার সিরিয়ার রাজধানী দামেস্কে অবস্থিত ইরানি কনস্যুলেটে ইসরায়েলি যুদ্ধবিমান থেকে একাধিক ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয়। এই হামলায় ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) জ্যেষ্ঠ কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ রেজা জাহেদি ছাড়াও ছয়জন নিহত হন। নিহত ব্যক্তিদের মধ্যে ইরানের আরেক জেনারেল আছেন।

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি বলেছেন, কূটনৈতিক মিশনে দিবালোকের এই হামলার জন্য ইসরায়েলকে 'অনুশোচনা' করিয়ে ছাড়বে তেহরান।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## 'ঘুমাতে গিয়ে অনেক রাতে কেঁদেছি'



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : বলিউডের জনপ্রিয় অভিনেত্রী কারিনা কাপুর খান। ২০০০ সালে 'রিফিউজি' সিনেমার মাধ্যমে বলিউডে পা রাখেন তিনি। এরপর 'কাভি খুশি কাভি গাম', 'থ্রি ইডিয়টস', 'বোম্বে টকিজ', 'বডিগার্ড', 'রা. ওয়ান'সহ অনেক জনপ্রিয় সিনেমা উপহার দিয়েছেন এই অভিনেত্রী।

প্রায় ২৫ বছরের অভিনয় ক্যারিয়ারে ব্যর্থ সিনেমাও উপহার দিয়েছেন কারিনা কাপুর খান। তাও পরপর মুক্তিপ্রাপ্ত সিনেমাগুলো বক্স অফিসে মুখ থুবড়ে পড়েছিল। 'জাব উই মেট' সিনেমা মুক্তির পর ব্যর্থতার তকমা ঘুচে কারিনার। কিন্তু ব্যর্থ সময় কীভাবে নিজেকে সামলেছেন কারিনা?

সম্প্রতি পডকাস্ট 'দ্য রণবীর শো'-তে সাক্ষাৎকার দেন কারিনা কাপুর খান। সেই সময়ের কথা স্মরণ করে এই অভিনেত্রী বলেন, 'আমি মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছিলাম। আমার সিনেমা কেন বক্স অফিসে চলছে না? কী হয়েছে? এসব ভেবে, ঘুমাতে গিয়ে অনেক রাতে কেঁদেছি।'

ব্যর্থতার কারণ ব্যাখ্যা করে কারিনা কাপুর খান বলেন, 'আমি সব সিনেমায়ই কাজ করছিলাম। সত্যি এ বিষয়ে আমি ভাবিনি। বক্স অফিসেও সিনেমা কাজ করছিল না। কিন্তু বক্স অফিসে সিনেমার সফলতা খুবই গুরুত্বপূর্ণ।'

অভিনয় একটি স্বার্থপর পেশা। তা উল্লেখ করে কারিনা কাপুর খান বলেন, 'আপনি যদি ১০২ ডিগ্রি জ্বরে মারাও যেতে থাকেন, তাতে কেউ আপনার পাশে থাকবে না, কেউ আপনাকে নিয়ে ভাববেও না। যদি আপনার শট থাকে, তবে আপনাকে শর্ট দিতেই হবে। আপনার কি অনুভূতি হচ্ছে, তা কেউ বুঝবে না। অসুস্থতার জন্য এই পেশায় কোনো ছুটি নেই। আবেগ অনুভব করার জন্য কোনো ঘর নেই। বরং আপনাকে নিশ্চিত করতে হবে, আপনি একজন নিখুঁত তারকা।'

প্রসঙ্গত, কারিনা কাপুর খানের পরবর্তী সিনেমা 'ক্রু'। রাজেশ কৃষ্ণা পরিচালিত এ সিনেমা আগামী ২৯ মার্চ মুক্তি পাবে। সিনেমাটিতে আরো অভিনয় করেছেন- টাবু, কৃতি স্যানন, দিলজিৎ দোসাঞ্জে, কপিল শর্মা প্রমুখ।

## এবার সানি লিওনকে 'যৌনকর্মী' বলে কঙ্গনার মন্তব্য





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : হিমাচল প্রদেশের মান্ডি থেকে বিজেপি প্রার্থী হিসাবে কঙ্গনা রানাউতের নাম ঘোষণা করা হয়েছে হয়। এর পরেই পরেই বিতর্কে জড়ান কংগ্রেস নেত্রী সুপ্রিয়া শ্রীনেত। বলি অভিনেত্রীকে নিয়ে সমাজমাধ্যমে একটি পোস্ট করেন। সেই পোস্টে কঙ্গনার একটি খোলামেলা পোশাক পরিহিত ছবি দেন সুপ্রিয়া। সেই সঙ্গে তিনি লেখেন, 'মান্ডিতে কী দাম চলছে এখন, একটু বলবেনঽ' কংগ্রেস নেত্রীর পোস্ট নিয়ে আপত্তি জানিয়েছে বিজেপি। পদ্মশিবিরের বক্তব্য, কঙ্গনাকে আক্রমণ করতে গিয়ে শালীনতার মাত্রা ছাড়িয়েছেন সুপ্রিয়া। বলি অভিনেত্রীকে 'যৌনকর্মী'র সঙ্গে তুলনা করা হয়েছে বলেও দাবি করে বিজেপি। এমনিতেই যে কোনও বিষয়ে নিজের মতামত রাখতে পিছপা হন না কঙ্গনা। এ বার তার উদ্দেশে করা এ হেন মন্তব্যে অভিনেত্রী টেনে আনলেন সানি লিওনিকে। এক সাক্ষাৎকারে কঙ্গনা বলেন, যৌনকর্মী মন্তব্যটা একেবারেই অসম্মানের নয়। এটি এমন একটি শব্দ, যা সামাজিক ভাবে গ্রহণযোগ্য। ভারতে পর্ন তারকারা যে পরিমাণ সম্মান পান, সানি লিওনিকে জিজ্ঞেস করুন, বিশ্বের আর কোনও দেশে তা হয় না।

এর আগে, ২০২০ সালে অভিনেত্রী ঊর্মিলা মাতণ্ডকর কংগ্রেসের টিকিট পাওয়ার পর কঙ্গনা বলেছিলেন, লোকে ঊর্মিলাকে তার অভিনয়ের জন্য যত না চেনেন, তার থেকে বেশি চেনেন সফট পর্ন ছবির নায়িকা হিসেবে। তিনি যদি কংগ্রেসের টিকিট পান, তবে আমি কেন বিজেপির টিকিট পাব না!

২০১৯ সালে মুম্বই উত্তর থেকে কংগ্রেসের হয়ে ভোটে দাঁড়ান ঊর্মিলা। যদিও সে বার ভোটে হেরে যান। তার পরই কংগ্রেস ছেড়ে শিবসেনায় যোগ দেন অভিনেত্রী। তবে বলিউড ইন্ডাস্ট্রির নায়ক-নায়িকাদের নিয়ে এই প্রথম নয়, হামেশাই বিতর্কিত মন্তব্য করে থাকেন কঙ্গনা। কিন্তু, নিজেকে শুধরে নেওয়ার তেমন কোনও প্রয়াস দেখা যায়নি অভিনেত্রীর কার্যকলাপে।

এ বার কংগ্রেস নেত্রীর পোস্ট নিয়ে সরব হতে দেখা গিয়েছে কঙ্গনাকে। এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে বলি অভিনেত্রী লেখেন, সম্মাননীয় সুপ্রিয়া দেবী, আমি গত ২০ বছরে বিভিন্ন ধরনের মহিলার চরিত্রে অভিনয় করেছি। গালিগালাজ করার জন্য যৌনকর্মীদের না টানাই ভাল। মর্যাদা সকলেরই প্রাপ্য।

সুপ্রিয়ার দলও ব্যবস্থা নিয়েছে তার বিরুদ্ধে। বিতর্কিত মন্তব্যের জেরে সুপ্রিয়াকে লোকসভা ভোটের প্রার্থিতালিকা থেকে বাদ দিয়েছে কংগ্রেস।

## নতুন সিনেমার ঘোষণা দিলেন ভাইজান, অ্যাকশন থ্রিলার মুভির বাজেট ৪০০ কোটি





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ইদ সামনে রেখে প্রতিবছরই দর্শকদের জন্য চমক নিয়ে আসেন ভাইজান সলমান খান। তবে এবছর দর্শকদের জন্য কোনও চমক বা উপহার কিছুই নেই ভাইজানের ঝুলিতে। আগামী বছর ইদের জন্য নতুন সিনেমার ঘোষণা দিলেন ভাইজান। গজনী খ্যাত এআর মুরুগাদোসের সঙ্গে জুটি বাঁধতে চলেছেন সলমান খান। সেই ছবির নাম এখনও ঠিক হয়নি। যদিও সামনের বছর ঈদে ছবিটি মুক্তির সময় ঠিক করা হয়েছে। মঙ্গলবার নিজের এক্স হ্যান্ডেলে ভক্তদের এই সুখবর শুনিয়েছেন সলমন।

এক্স পোস্টে, সালমান তার নিজের ছবির সাথে এ আর মুরুগাদোস এবং সাজিদ নাদিয়াদওয়ালার ছবি কোলাজ করে শেয়ার করেছেন। ভাইজান লিখেছেন, "অসাধারণ প্রতিভাবান পরিচালক এ আর মুরুগাদোস এবং আমার বন্ধু সাজিদ নাদিয়াদওয়ালার সাথে একটি খুব উত্তেজনাপূর্ণ সিনেমা নির্মাণের কাজে যোগ দিতে পেরে আনন্দিত! এটা আমার জন্য স্পেশাল এবং আমি আপনাদের ভালবাসা এবং আশীর্বাদে এই যাত্রা শুরুর অপেক্ষা করছি। ঈদ ২০২৫ মুক্তি পেতে চলেছে।"

ভারত, পর্তুগাল এবং অন্যান্য ইউরোপীয় দেশগুলিতে অ্যাকশন থ্রিলার ছবিটির শুটিং হবে। ছবিটির নির্মাণে প্রায় ৪০০ কোটি টাকা ব্যয় হবে বলে জানা গেছে। যা সাজিদ নাদিয়াদওয়ালার সবচেয়ে ক্যারিয়ারে অন্যতম ব্যয়বহুল সিনেমা হবে। খুব দ্রুত শুটিং শুরু করবেন সালমান।

## গ্রেফতার হতে পারেন পরিণীতির স্বামী!




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : বলিউড অভিনেত্রী পরিণীতি চোপড়া ও আম আদমি পার্টির (আপ) নেতা রাঘব চাড্ডা গত বছরের ২৪ সেপ্টেম্বর বিয়ের পিঁড়িতে বসেন। ভারতের উদয়পুরের লীলা প্যালেসে রাজকীয় ভাবে সাত পাকে বাঁধা পড়েছেন এ যুগল। এর পর থেকে আলোচনায় রয়েছে এ যুগল। এবার চাঞ্চল্যকর খবর গ্রেফতার হতে পারেন পরিণীতির স্বামী!

ভারতীয় সংবাদ মাধ্যমের খবরে বলা হয়, আপ নেত্রী আতিশী এ নিয়ে এক বিস্ফোরক দাবি করেছেন। তার বক্তব্য, অরবিন্দ কেজরিওয়ালের পর এবার গ্রেফতার করা হতে পারে আপ নেত্রীকে। শুধু তাই নয়, তার সঙ্গে সঙ্গে গ্রেফতার হতে পারেন মন্ত্রী সৌরভ ভরদ্বাজ, সাংসদ রাঘব চাড্ডাসহ আপের আরও অনেকে।

এদিকে দিল্লি আবগারি দুর্নীতি মামলায় ইতোমধ্যে গ্রেফতার হয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। আগেই সংশোধনাগারে রয়েছেন মণীশ সিসোদিয়া, সত্যেন্দ্র জৈন-এর মতো আপের শীর্ষ নেতৃত্ব।

মঙ্গলবার তার এই বক্তব্যকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে রাজনীতির মাঠে। দিল্লির মন্ত্রী আতিশী আরও দাবি করেন, বিজেপিতে যোগ দেওয়ার প্রস্তাবও নাকি এসেছিল তার কাছে। তিনি বলেন, 'আমাকে হুমকি দেওয়া হয়, আমি যদি বিজেপিতে যোগ না দেই, মাসখানেকের মধ্যে ইডি আমাকে গ্রেফতার করবে'। যদিও বিজেপির দাবি, আপ নেত্রীর এসব অভিযোগ 'ভিত্তিহীন'।

## বিদ্যা বালানের নামে ভুয়ো ইন্সটা খুলে প্রতারণা, মামলা দায়ের করলেন অভিনেত্রী



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : বলিউড অভিনেত্রী বিদ্যা বালানের নামে ভুয়ো ইন্সটাগ্রাম অ্যাকাউন্ট খুলে টাকা হাতানোর অভিযোগ। অভিনেত্রীর অভিযোগের ভিত্তিতে দায়ের হল মামলা। তদন্ত শুরু করেছে মুম্বই খার থানার পুলিশ। পুলিশ কর্মকর্তা সূত্রে এই খবর জানা গেছে। এক অজ্ঞাত পরিচয়ের ব্যক্তির বিরুদ্ধে এবার থানায় অভিযোগ দায়ের করেছেন অভিনেত্রী বিদ্যা বালান। যেখানে তাঁর নামে একটি ভুয়ো ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট খুলে সাধারণের থেকে টাকা চাওয়া হচ্ছিল। চাকরি দেওয়ার নাম করে তোলা হচ্ছিল এই টাকা। খার পুলিশের কাছে ৬৬ (সি) ধারায় অভিযোগ লিপিবদ্ধ করেছেন অভিনেত্রী। একজন অজানা ব্যক্তি বিদ্যা বালানের একটি অন্য ইনস্টাগ্রাম আইডি তৈরি করেছেন এবং একটি জিমেইল অ্যাকাউন্টও তৈরি করেছেন এবং তারপরে সেই অ্যাকাউন্টগুলি ব্যবহার করে বলিউডের সঙ্গে যুক্ত ব্যক্তিদের প্রতারণা করার চেষ্টা করেছেন। গত ১৬ জানুয়ারি একজন স্টাইলিশের কাছে এই ধরনের একটি বার্তা আসে। তিনিই প্রথম অভিনেত্রীকে জানান।

## আইপিএলে
## দ্বিতীয় সর্বোচ্চ রানের রেকর্ড গড়ল কলকাতা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** আইপিএলের ইতিহাসে দ্বিতীয় সর্বোচ্চ ইনিংসের রেকর্ড গড়েছে কলকাতা নাইট রাইডার্স। এই রেকর্ড গড়তে দলের পক্ষে সর্বোচ্চ ৩৯ বলে ৮৫ রানের ঝড়ো ইনিংস খেলেন সুনীল নারাইন।

বুধবার বিশাখাপত্তনমে দিল্লি ক্যাপিটালসের বিপক্ষে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ২৭২ রান তুলে কলকাতা। ফলে জয়ের জন্য দিল্লিকে করতে হবে ২৭৩ রান।

আইপিএলে এত দিন দলীয় সর্বোচ্চ ইনিংস ছিল সানরাইজার্স হায়দরাবাদের। চলতি আইপিএলে মুম্বাই ইন্ডিয়ানসের বিপক্ষে ২৭৭ রান তুলে প্যাট কামিন্সের দল। এর আগে আইপিএলের ইতিহাসে দলীয় সর্বোচ্চ ইনিংস ছিল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর। ২০১৩ সালে পুনে ওয়ারিয়র্সের বিপক্ষে ৫ উইকেটে ২৬৩ রান তুলেছিল বেঙ্গালুরু। এবার বেঙ্গালুরুর দ্বিতীয় সর্বোচ্চ রানের রেকর্ড ভেঙে ফেলে কলকাতা।

আইপিএলে ৩২ বার মুখোমুখি হয়েছে দিল্লি এবং কলকাতা। দিল্লি জিতেছে ১৫ বার, কেকেআর ১৬ বার, এক ম্যাচে ফলাফল হয়নি।

## জার্মান লিগ কাপের
## ফাইনালে লেভারকুসেন



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :**

ইউরোপিয়ান ফুটবলে এ মৌসুমের চমক হারতে ভুলে যাওয়া বেয়ার লেভারকুসেন তার সাফল্যের প্রতিদান পেতে চলেছে। লিগ শিরোপা হাতছানি দিয়ে ডাকছে তাদের। লিগ কাপের ফাইনালেও উঠেছে জার্মান ক্লাবটি।

ডুসেলডর্ফকে ৪-০ গোলে হারিয়ে জার্মান লিগ কাপের ফাইনালে উঠেছে জাভি আলোনসোর শিষ্যরা।

জেরেমি ফ্রিমপং, আমিন আদিল বিশ মিনিটে ২-০তে এগিয়ে দেন দলকে। ফ্লোরিয়ান রিটজ দুই অর্ধে আরও দুই গোলে বড় জয় নিশ্চিত করেন। ২৫ মে বার্লিন অলিম্পিক স্টেডিয়ামের ফাইনালে প্রতিপক্ষ কাইসারস্লটার্ন।

১৯৯৩ সালে শেষবার এই ট্রফি জিতেছিলো লেভারকুসেন। শেষ ফাইনাল খেলেছিলো ২০২০ এ। এ মৌসুমে এখনো না হারা দলটার ট্রেবল জয়ের সম্ভাবনা আছে।

# দলের মূল ক্রিকেটারদেরই ছাড়াই পাকিস্তান সফরে যাচ্ছে নিউজিল্যান্ড




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** গুরুতর চোট কাটিয়ে এক বছর পর আন্তর্জাতিক ক্রিকেটে ফিরছেন মাইকেল ব্রেসওয়েল। ফেরার সিরিজেই নিউজিল্যান্ডকে নেতৃত্ব দেবেন এই অলরাউন্ডার। আইপিএলে ব্যস্ত থাকার কারণে মূল ক্রিকেটারদের বেশির ভাগই যে যাচ্ছেন না পাকিস্তান সফরে।

পাকিস্তানে টি-টোয়েন্টি সিরিজের জন্য ১৫ সদস্যের নিউজিল্যান্ড দলের অধিনায়ক করা হয়েছে ব্রেসওয়েলকে। আইপিএলে থাকা ৯ ক্রিকেটারকে বিবেচনা করা হয়নি এই সফরে। আইপিএল ছাড়াও ইংলিশ কাউন্টি ক্রিকেটে নটিংহ্যামশায়ারের হয়ে খেলার কারণে জাতীয় দল থেকে ছাড় পেয়েছেন ব্যাটসম্যান উইল ইয়াং। দ্বিতীয় সন্তান জন্মের সময় স্ত্রীর পাশে থাকার জন্য ছুটি পেয়েছেন অভিজ্ঞ টম ল্যাথাম। আরেক অভিজ্ঞ ক্রিকেটার ও টেস্ট অধিনায়ক টিম সাউদিকে দেওয়া হয়েছে বিশ্রাম। টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে প্রস্তুতির বড় সুযোগ থাকলেও দ্বিতীয় সারির দল নিয়েই এই সিরিজ খেলবে কিউইরা। দলের একজন ছাড়া অবশ্য সবারই আন্তর্জাতিক ক্রিকেটে খেলার অভিজ্ঞতা আছে কম-বেশি। একদম নতুন মুখ শুধু টিম রবিনসন। ঘরোয়া ক্রিকেটে সম্প্রতি ছক্কার ঝড় তুলে নজর কেড়েছেন ২১ বছর বয়সী এই ওপেনার। নিউজিল্যান্ডের টি-টোয়েন্টি টুর্নামেন্ট সুপার স্ম্যাশে এবার ওয়েলিংটনের হয়ে তিনি ২৯৮ রান করেছেন ৫৯.৬০ গড় ও ১৮৭.৪২ স্ট্রাইক রেটে। ওটাগোর বিপক্ষে এক ম্যাচে ১০টি করে চার ও ছক্কায় খেলেছেন ৬৪ বলে ১৩৯ রানের ইনিংস। আরেক ম্যাচে ক্যান্টারবুরির বিপক্ষে করেছেন ৫৬ বলে ৮৬। এই পাকিস্তান সফরে কেউ দারুণ কিছু করলে তার জন্য খুলে যেতে পারে টি-টোয়েন্টি বিশ্বকাপের দুয়ার। অধিনায়ক ব্রেসওয়েলের জন্য যেমন এই সিরিজ সুযোগ নিজেকে ঝালিয়ে নিয়ে পুরোনো ছন্দে ফেরার। দেশের হয়ে সবশেষ খেলেছেন তিনি গত বছরের মার্চে শ্রীলঙ্কার বিপক্ষে টেস্টে। গত জুনে ইংল্যান্ডের টি-টোয়েন্টি ব্লাস্টে খেলার সময় একিলিসের চোটে পড়ে ৬ মাসের জন্য ছিটকে পড়েন এই আগ্রাসী স্পিনিং অলরাউন্ডার। দীর্ঘ পুনবার্সন প্রক্রিয়া সেরে সম্প্রতি তিনি ফিরেছেন ঘরোয়া ক্রিকেটে। টি-টোয়েন্টি টুর্নামেন্ট সুপার স্ম্যাশে দলের সবশেষ ম্যাচে ২৪ বলে ৫৪ রানের ইনিংস খেলেছেন ছয় ছক্কায়। পরে প্রথম শ্রেণির ক্রিকেটের আসর প্লাঙ্কেট শিল্ডে ক্যারিয়ার সেরা বোলিংয়ে ৮ উইকেট নিয়েছেন ৪১ রানে। কিছুদিন আগে টেস্ট অভিষেকে ৯ উইকেট নিয়ে রেকর্ড গড়া পেসার উইল ও'রোক প্রথমবার সুযোগ পেয়েছেন টি-টোয়েন্টিতে। এখনও পর্যন্ত দুই টেস্ট ও তিন ওয়ানডে খেলেছেন ২২ বছর বয়সী সম্ভাবনাময় এই পেসার। পাকিস্তানে পাঁচ ম্যাচের সিরিজটি শুরু হবে আগামী ১৮ এপ্রিল।

নিউজিল্যান্ড দল: মাইকেল ব্রেসওয়েল (অধিনায়ক), ফিন অ্যালেন, মার্ক চাপম্যান, জশ ক্লার্কসন, জ্যাকব ডাফি, ডিন ফক্সক্রফট, বেন লিস্টার, কোল ম্যাককনকি, অ্যাডাম মিল্ন, জিমি নিশাম, উইল ও'রোক, টিম ব্রেসনান, বেন সিয়ার্স, টিম সাইফার্ট, ইশ সোধি।

## ম্যান সিটি শিবিরে
# আবারও চোটের থাবা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চোটের থাবায় একের পর এক খেলোয়াড় হারাচ্ছে ম্যানচেস্টার সিটি। এবার সেই তালিকায় যুক্ত হয়েছেন ডিফেন্ডার নাথান আকে। নেদারল্যান্ডসের এই ফুটবলারের পায়ের মাংসপেশিতে চোট পাওয়ার কথা মঙ্গলবার সংবাদ সম্মেলনে নিশ্চিত করেন প্রিমিয়ার লিগ চ্যাম্পিয়নদের কোচ পেপ গার্দিওলা। কবে নাগাদ ফিরতে পারবেন ২৯ বছর বয়সী এই ফুটবলার, সে বিষয়ে কিছু বলেননি তিনি। গার্দিওলা জানান, “চোটে ভুগছে আকে। আশা করি, সে দ্রুত ফিরবে। কতদিন লাগতে পারে আমি জানি না। পরের ম্যাচের জন্য সে প্রস্তুত থাকবে না।”

গত রবিবার আর্সেনালের বিপক্ষ গোলশূন্য ড্রয়ের ম্যাচে চোট পান আকে। ম্যাচের ২৭ মিনিটে তাকে তুলে নিতে বাধ্য হন সিটি কোচ। চোটের কারণে আগে থেকেই মাঠের বাইরে আছেন সিটির রাইট-ব্যাক কাইল ওয়াকার, সেন্টার-ব্যাক জন স্টোন্স ও গোলরক্ষক এদেরসন। অ্যাস্টন ভিলার বিপক্ষে স্টোন্সের ফেরার সম্ভাবনা থাকলেও বাকি দুইজনকে এখনই পাচ্ছে না গত মৌসুমের ট্রেবল জয়ী দলটি। গার্দিওলা বলেন, “জন (স্টোন্স) ফিরতে পারে। কিন্তু অন্য দুইজনের কোনো সম্ভাবনা নেই। জনের পুরোপুরি ফিট অনুভব করতে হবে। তার চোট যতটা ভেবেছিলাম ততটা গুরুতর ছিল না। পরের ম্যাচের জন্য হয়তো সে প্রস্তুত থাকবে।”

ক্রিস্টাল প্যালেসের বিরুদ্ধে ম্যানচেস্টার সিটি মাঠে নামবেন আগামী শনিবার। দুই দিন পর চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার-ফাইনালের প্রথম লেগে রিয়াল মাদ্রিদের মুখোমুখি হবে দলটি।

## স্টার্কের ব্যর্থতা নিয়ে
# মুখ খুলল কলকাতা




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** গত ডিসেম্বরে আইপিএলের মিনি নিলামে মিচেল স্টার্ককে নিয়ে রীতিমতো কাড়াকাড়ি পড়ে যায়। ব্যাপক লড়াই শেষে এই অস্ট্রেলিয়ান পেসারকে আইপিএল ইতিহাসের সর্বোচ্চ ২৪ কোটি ৭৫ লাখ রুপিতে কেনে কলকাতা নাইট রাইডার্স। তবে কী সর্বোচ্চ দামই স্টার্ককে চাপে ফেলে দিয়েছে? কারণ দুই ম্যাচে উইকেটশূন্য থেকে তিনি দিয়েছেন ১০০ রান।

চলতি আসরে নিজেদের প্রথম দুই ম্যাচে কলকাতা নাইট রাইডার্স জিতলেও তাদের চিন্তার জায়গা স্টার্ক। দুই ম্যাচে দেদারসে রান বিলিয়েছেন। উইকেট পাননি একটিও। এরই মধ্যে তাকে একাদশ থেকে বাদ দেওয়ারও দাবি উঠেছে। এবার তাকে নিয়ে কথা বললেন কেকেআরের বোলিং কোচ ভরত অরুণ।

বুধবার বিশাখাপত্তনমে দিল্লি ক্যাপিটালসের বিপক্ষে খেলতে নামবে কেকেআর। তার আগে সংবাদ সম্মেলনে অরুণকে প্রশ্ন করা হয় স্টার্কের ফর্ম নিয়ে। জবাবে তিনি বলেন, 'স্টার্ক বিশ্বের অন্যতম অভিজ্ঞ বোলার। হতে পারে প্রথম দুই ম্যাচে ও ভালো বল করতে পারেনি। কিন্তু খুব তাড়াতাড়ি ও সেরা ফর্মে ফিরবে।' ভারতের আবহাওয়ায় ভালো করার বিষয়ে স্টার্কের সঙ্গে আলোচনা হয়েছে তার। অরুণ বলেন, তার সঙ্গে আমার কথা হয়েছে। স্টার্কের শক্তি নিয়ে আমরা আলোচনা করেছি। নেটে ও ভালো বল করছে। ম্যাচে বিধ্বংসী রূপে ফেরা শুধু সময়ের অপেক্ষা।'

এর আগে উচ্চদামই স্টার্ককে চাপে ফেলেছে বলে মন্তব্য করেছিলেন বিশ্বকাপজয়ী সাবেক অজি অধিনায়ক মাইকেল ক্লার্ক। বেশি মূল্য পাওয়া একধরনের চাপ বলে মনে করেন তিনি, 'তার (স্টার্ক) চড়া মূল্যই তাকে চাপে ফেলবে। যখন কেউ সবচেয়ে বেশি টাকা পায় তার কাছে প্রত্যাশা থাকে অনেক বেশি।'

# ফোডেনের হ্যাটট্রিকে অ্যাস্টন ভিলাকে উড়িয়ে দিলো ম্যান সিটি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আক্রমণের তোড়ে যেন অ্যাস্টন ভিলাকে ভাসিয়ে দিতে চাইল ম্যানচেস্টার সিটি। তৈরি করল একের পর এক সুযোগ। জালের দেখাও পেল নিয়মিত। টানা দুই ড্রয়ের হতাশা ঝেড়ে ফেলে পেল দুর্দান্ত জয়। চমৎকার এক হ্যাটট্রিকে যে জয়ের নায়ক ফিল ফোডেন।

ঘরের মাঠে ০৩ এপ্রিল রাতে ইংলিশ প্রিমিয়ার লিগের ম্যাচে ৪-১ গোলে জিতেছে পেপ গুয়ার্দিওলার দল। শিরোপাধারীদের অন্য গোলটি করেছেন রদ্রি। পয়েন্ট তালিকার শীর্ষ চারের দলের বিপক্ষে এটি ছিল সিটির টানা তৃতীয় ম্যাচ। লিভারপুলের বিপক্ষে ১-১ গোলে ড্র করার পর আর্সেনালের বিপক্ষে গোলশূন্য ড্র করে দলটি। এবার আক্রমণাত্মক ফুটবলে ভিলাকে উড়িয়ে দিল তারা।

৬৭ শতাংশ সময় বল দখলে রেখে গোলের জন্য ২৫টি শট নেয় সিটি। এর ১১টি ছিল লক্ষ্যে। এর বিপরীতে ভিলার আট গোলের তিনটি ছিল লক্ষ্যে। চেনা আঙিনায় প্রথম সুযোগ পায় সিটি। প্রতিপক্ষের সমর্থকদের দুয়ো শোনা জ্যাক গ্রিলিশ তৃতীয় মিনিটে বাঁদিক দিক থেকে খুঁজে নেন হুলিয়ান আলভারেসকে। আর্জেন্টাইন স্ট্রাইকারের শট কাঁপায় পার্শ্ব জাল।

ভিলাকে প্রবল চাপে রেখে তাদের অর্ধ থেকেই উঠতে দিচ্ছিল না সিটি। এর সুফল দলটি প্রায় দ্রুতই। রদ্রির চমৎকার ফিনিশিংয়ে এগিয়ে যায় একাদশ মিনিটে। ডান দিক থেকে জেরেমি ডকুর চমৎকার ক্রসে ছুটে গিয়ে বুলেট গতির শটে জাল খুঁজে নেন স্প্যানিশ মিডফিল্ডার। সমতা ফেরাতে খুব বেশি সময় নেয়নি ভিলা। সপ্তদশ মিনিটে প্রতি আক্রমণ থেকে জালের দেখা পান কলম্বিয়ান ফরোয়ার্ড হুন দুরান। তার গোলে বড় অবদান আছে মর্গ্যান রজার্সেরও।

২৪তম মিনিটে সুযোগ আসে গ্রিলিশের সামনে। ভিলা থেকে সিটিতে আসা ইংলিশ মিডফিল্ডার ভলি রাখতে পারেননি লক্ষ্যে। ১৩ মিনিট পর আলভারেসের শট রুখে দিয়ে সমতা ধরে রাখেন রবিন ওলসেন। ৪১তম মিনিটে আর পারেননি আর্জেন্টাইন বিশ্বকাপজয়ী গোলরক্ষক এমিলিয়ানো মার্তিনেসের অনুপস্থিতিতে পোস্টে দাঁড়ানো ওলসেন। চমৎকার ফ্রি কিকে জাল খুঁজে নেন ফোডেন। কিছুই করার ছিল না গোলরক্ষকের।

দ্বিতীয়ার্ধের শুরুতে নিজেদের অর্ধেই গুটিয়ে ছিল ভিলা। ধৈর্য নিয়ে তাদের প্রতিরোধ ভাঙার চেষ্টা চালিয়ে যাচ্ছিল সিটি। ফোডেন ও রিকো লুইস ভীতি ছড়ালেও গোলরক্ষকের খুব একটা পরীক্ষা নিতে পারছিলেন না। এর মাঝেই প্রতি-আক্রমণে ব্রাজিলিয়ান মিডফিল্ডার দগলাস লুইসের দূরপাল্লার শট ঠেকিয়ে ব্যবধান ধরে রাখেন সিটি গোলরক্ষক স্তেফান ওর্তেগা।

স্রেফ ১ গোলের ব্যবধানে এগিয়ে থাকায় কেভিন ডে ব্রুইনে, আর্লিং হলান্ডদের নামানোর কথা ভাবছিলেন গুয়ার্দিওলা। স্বাগতিক সমর্থকদের প্রবল করতালির মধ্যে ওয়ার্ম আপ করছিলেন তারকা ফুটবলাররা। তবে এর মধ্যেই জাদুকরী ফিনিশিংয়ে দলকে ধরা ছোঁয়ার বাইরে নিয়ে যান ফোডেন। ডে ব্রুইনে, হলান্ডদের আর মাঠে নামার প্রয়োজন পড়েনি।

৬২তম মিনিটে রদ্রির কাছ থেকে বল পেয়ে ডি-বক্সের মাথা থেকে নিখুঁত শটে জাল খুঁজে নেন ফোডেন। পোস্টে লেগে ভেতরে যাওয়া বল ঠেকানোর কোনো সুযোগই ছিল না ভিলা গোলরক্ষকের। স্কোরলাইন হয়ে যায় ৩-১। আট মিনিট পরেই হ্যাটট্রিক পূর্ণ করেন ইংলিশ তারকা। ফ্রি কিকের আবেদন করেছিলেন তিনি। সেটা নাকচ করে দেন রেফারি। বল ছিল আলভারেসের পায়ে, তিনি খুঁজে নেন ফোডেনকে। ২৫ গজ দূর থেকে আচমকা শটে বল জালে পাঠান তিনি। চলতি মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে সিটির হয়ে এটি ফোডেনের ২১তম গোল।

বাকি সময়ে ব্যবধান আরও বাড়ানোর জন্য চেষ্টা করে যায় সিটি। কিন্তু আর জালের দেখা পায়নি তারা। ৩০ ম্যাচে ৬৭ পয়েন্ট নিয়ে তিন নম্বরেই রয়েছে সিটি। এক ম্যাচ কম খেলা লিভারপুল গোল পার্থক্যে এগিয়ে আছে দুই নম্বরে। এদিনই আরেক ম্যাচে লুটন টাউনকে ২-০ গোলে হারানো আর্সেনাল ৬৮ পয়েন্ট নিয়ে আপাতত আছে শীর্ষে।

## মেসি নাকি রোনালদো,
## হ্যাটট্রিকের পরিসংখ্যানে সেরা কে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্ব ফুটবলে বিগত দুই দশকেরও বেশি সময় ধরে যে দুটি নাম সবচেয়ে বেশি আলোচনায় রয়েছে সেটি হচ্ছে লিওনেল মেসি ও ক্রিশ্চিয়ানো রোনালদো। বার্সালোনা থেকে রিয়াল মাদ্রিদ, ইন্টার মায়ামি থেকে আল নাসর- সবখানেই যেন সমাদৃত ফুটবল বিশ্বের বিতর্কের কেন্দ্রবিন্দুতে থাকা এই দুই তারকা।

ক্যারিয়ারের প্রায় শেষ সময়ে এসে পৌঁছেছেন তারা। কিন্তু উভয়েরই বয়সটা খাতা কলমে বাড়লেও খেলায় যেন এখনও সেই ২০ বছর পূর্বের তরুণই রয়ে গেছেন এই দুই মহাতারকা। গোল-অ্যাসিস্ট তো রয়েছেই, সাথে হ্যাটট্রিকের তালিকাতেও শীর্ষেই রয়েছেন তারা।

মাঠের খেলায় যেমন দুজনের দলের উত্তেজনা থাকে চরমে, ঠিক তেমনি তাদের ভক্তদের বিতর্ক যেন বাড়তি উন্মাদনা জোগায়। তবে দুইজনের মধ্যে কে সেরা, সেই বিতর্কের অবসান যেন কোনো দিনই হওয়ার নয়।

রোনালদো ভক্তদের কাছে সর্বকালের সেরা ফুটবলার রোনালদো। অপরদিকে মেসিভক্তদের কাছে সর্বকালের সেরা ফুটবলার হলেন মেসি। এই বিতর্ক আরও একবার মাথাচাড়া দিয়ে উঠেছে তিনদিনের ব্যবধানে রোলানদোর দুই হ্যাটট্রিকে।

গত শনিবার সৌদি প্রো লিগে আল তাইয়ের বিপক্ষে হ্যাটট্রিক করেন রোনালদো। এর তিন দিন পর গত মঙ্গলবার রাতে আবহার বিপক্ষে দ্বিতীয় হ্যাটট্রিক রোনালদোর। রোনালদোর এই দুই হ্যাটট্রিকের পর অনেকে মেসির সঙ্গে পর্তুগিজ তারকাকে তুলনা করেছেন হ্যাটট্রিকের সংখ্যা দিয়ে। অর্থাৎ কার বেশি হ্যাটট্রিক, রোনালদো নাকি মেসির?

হ্যাটট্রিকের সংখ্যা বিবেচনায় অবশ্য জয়টা হবে রোনালদোর। ফুটবল ক্যারিয়ারে এখন পর্যন্ত ৬৫টি হ্যাটট্রিক করেছেন রোনালদো। আর মেসির হ্যাটট্রিক ৫৭টি। সে হিসেবে মেসির চেয়ে রোনালদোর হ্যাটট্রিক বেশি ৮টি।

দুইজনেই আছে ক্যারিয়ারের শেষের দিকে। তবে মেসির জন্য বাকি ৮টি হ্যাটট্রিক করা অতটা সহজ হবে না। কারণ, খেলার মাঠে বেশি গোল প্যাচ্ছেন না আর্জেন্টাইন বিশ্বকাপজয়ী তারকা। সর্বশেষ ২০২৩ সালের মার্চে হ্যাটট্রিক পেয়েছিলেন ইন্টার মিয়ামি তারকা মেসি। এরপর তো এক বছর হ্যাটট্রিক ছাড়া পার করছেন ৮ বারের ব্যালন ডি'অর জয়ী তারকা। চলতি মৌসুমে সৌদি প্রো লিগে সর্বোচ্চ ২৯ গোল করেছেন রোনালদো। সব প্রতিযোগিতা মিলে আল নাসরের হয়ে পর্তুগিজ তারকার গোলের সংখ্যা ৪২।

অপরদিকে চলতি বছর বেশ ভালোভাবেই শুরু করেছেন মেসি। এখন পর্যন্ত জাদুকরী পায়ে গোল করেছেন ৫টি। তবে বর্তমানে হ্যামস্ট্রিং চোটে পড়ে মাঠের বাইরে আছেন মেসি। যে কারণে মিস করেছেন এল সালভেদর ও কোস্টারিকার বিপক্ষে আর্জেন্টিনার দুটি প্রীতি ম্যাচ।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR